# উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটির নভেম্বর/২০২৫ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা,দিনাজপুর।

তারিখ ঃ ২৬/১১/২০২৫ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।

আলোচ্য বিষয়ঃ

(১) জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন গাছের চারা বিতরণ সম্পর্কিত আলোচনা।
(২) নার্সারী প্রসঙ্গে।
(৩) বিবিধ।

সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষরঃ

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, ৩নং আঙ্গারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৫ | জনাব মোঃ আলাউদ্দিন, প্রতিনিধি, ভাই ভাই নার্সারী, জাহাঙ্গীরপুর, খানসামা, দিনাজপুর। | সদস্য (কো-অপ্ট) | |
| ০৬ | জনাব মিলন কুমার সর্দার, বেসরকারি সংস্থার প্রতিনিধি, আরডিআরএস | সদস্য (কো-অপ্ট) | |
| ০৭ | এস.এম মঞ্জুরুল কাদের, উপজেলা বন কর্মকর্তা, খানসামা-SFPC, খানসামা, দিনাজপুর। | সদস্য সচিব | |

অদ্যকার সভায় সভাপতি জনাব মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর সকলকে স্বাগত জানিয়ে সভায় কাজ শুরু করেন। সভার শুরুতে এস.এম মঞ্জুরুল কাদের, উপজেলা বন কর্মকর্তা, খানসামা এস,এফ,পি,সি গত সেপ্টেম্বর/২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী ও সংযোজনী না থাকায় তা অনুমোদন করা হলো।

সদস্য সচিব ১নং আলোচ্য বিষয়ের আলোকে সামাজিক বনায়নের আওতায় উপজেলা বন কর্মকর্তা, জনাব এস.এম মঞ্জুরুল কাদের, সদস্য সচিব সভায় জানান যে, "জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় সারা দেশ ব্যাপী ব্যাপক বনায়নের লক্ষ্যে উত্তোলিত চারা চতুর্থ পর্যায়" শীর্ষক প্রকল্পের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, কবরস্থান, শ্মশান, মসজিদ, মন্দির ও বন এলাকার জন সাধারণের মাঝে ২০২৫-২০২৬ আর্থিক সনে বিনামূল্যে ৫০০০ টি ফলজ, বনজ ও ভেষজ গাছের চারা বিতরণ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় ও আলোচনান্তে উল্লেখিত স্থান গুলিতে চাহিদা মোতাবেক বিনামূল্যে চারা গাছ দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিভিন্ন সনের সৃজিত স্ট্রীপ বাগানগুলি ভালো আছে।

সদস্য সচিব ২নং আলোচ্য বিষয়ের আলোকে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত ০.৭৫ একর পরিমাণ নার্সারী কেন্দ্রের বিষয়ে সভায় উপস্থাপন করেন যে, দীর্ঘদিন যাবৎ নার্সারীর ঘেড়া বেড়া থেকে শুরু করে কোন রকমের মেরামত ও মাটি ভরাটের কাজ কর্ম হয় নাই। অল্প বৃষ্টিতেই পানি জমা এবং ঘেড়া বেড়ার অভাবে নার্সারীতে চারা উত্তোলনের ব্যাঘাত ঘটে। তাই সভাপতির সদয় দৃষ্টি আকর্ষণ করে নার্সারী কেন্দ্রের ঘেড়া বেড়া ও মাটি ভরাটের বিষয়টি বিবেচনা করিয়া চারা উত্তোলনের পথ সুগম করিতে বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা বন কর্মকর্তা, ও সদস্য সচিব, উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটি, খানসামা, দিনাজপুর।

সভায় আর কোন আলোচন্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১১/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটি
খানসামা, দিনাজপুর।

পত্র নং-২৫/খান-২৮(৭) তারিখঃ- ২৬/১১/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

(১) উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
(২) উপজেলা................................/কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।
(৩) চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
(৪) অফিস নথি।

২৬/১১/২৫

উপজেলা বন কর্মকর্তা
খানসামা এস,এফ,পি,সি
ও
সদস্য সচিব
উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটি
খানসামা, দিনাজপুর।